


যুগান্তর

ছাত্রীকে প্রেমের প্রস্তাব

অভয়নগরে মাদ্রাসার শিক্ষক আটক

প্রকাশ : ০৪ সেপ্টেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 অভয়নগর (যশোর) প্রতিনিধি

অভয়নগর উপজেলার নাউলী গোপীনাথপুর মিলনী দাখিল মাদ্রাসার ক্বারী শিক্ষক মিজানুর রহমান মুন্সীর বিরুদ্ধে মাদ্রাসায় পড়ুয়া সপ্তম শ্রেণির এক ছাত্রীকে প্রেম এবং বিয়ের প্রস্তাব দেয়ার অভিযোগে তাকে আটক করেছে পুলিশ। মঙ্গলবার দুপুরে উক্ত শিক্ষককে আটকের পর অভয়নগর থানায় হস্তান্তর করা হয়। ভুক্তভোগী ছাত্রীর চাচা মোস্তাইন আকুঞ্জির লিখিত অভিযোগের ভিত্তিতে তাকে আটক করা হয়েছে। জানা যায়, উক্ত শিক্ষক ওই ছাত্রীকে কোরআন শরিফ স্পর্শ করে শপথ করিয়েছেন।

তাছাড়া এ বিষয়গুলো কাউকে না বলার জন্য হুমকি প্রদর্শন করেন। সোমবার দুপুরে বাড়িতে গিয়ে মাদ্রাসার ওই ছাত্রী বিষয়গুলো তার মা ও চাচাকে জানায়। অভিযোগের ভিত্তিতে ক্যাম্প পুলিশ অভিযুক্ত ওই শিক্ষককে আটক করে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।